

জাতীয় পর্যায়ে বেসরকারি উন্নয়ন সংস্থা “প্রত্যাশী” তে নিয়োগ

সংস্থার সম্প্রসারিত কর্ম এলাকা এবং চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, ফেনী, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, বি-বাড়িয়া। নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সিগঞ্জ ও গাজীপুর জেলায় মাঠ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত পদে বেশকিছু জনবল নিয়োগ করা হবে।

| ক্রম | পদের নাম ও বয়স | বেতন | | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------|---|---------------|-----------------|---|
| | | শিক্ষানবিশকাল | নিয়মিতকরণের পর | |
| ০১ | এরিয়া ম্যানেজার (সর্বোচ্চ বয়স ৪৫) | ৫০,০০০/- | ৬১,৩২১/- | স্নাতক/স্নাতকোত্তর ঋণ কার্যক্রম পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বছর, তন্মধ্যে এরিয়া ম্যানেজার হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | নিরীক্ষা কর্মকর্তা (সর্বোচ্চ বয়স ৪৫) | ৩০,০০০/- | ৩৮,৬৮৩/- | স্নাতক/স্নাতকোত্তর ঋণ কার্যক্রম পরিচালনায় নিরীক্ষা কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | শাখা ব্যবস্থাপক (সর্বোচ্চ বয়স ৪০) | ৩৫,০০০/- | ৫৩,৮৩৪/- | স্নাতক/স্নাতকোত্তর ঋণ কার্যক্রম পরিচালনায় ন্যূনতম ০৫ (পাঁচ) বছর, তন্মধ্যে শাখা ব্যবস্থাপক হিসেবে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | সহঃ শাখা ব্যবস্থাপক (সর্বোচ্চ বয়স ৪০) | ৩০,০০০/- | ৪৬,৭৭৭/- | স্নাতক/স্নাতকোত্তর ঋণ কার্যক্রম পরিচালনায় ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৫ | শাখা হিসাবরক্ষক (সর্বোচ্চ বয়স ৪০) | ২৮,০০০/- | ৪২,৪১৯/- | স্নাতক/স্নাতকোত্তর (বাণিজ্য) কম্পিউটার অফিস প্রোগ্রাম (এমএসওয়ার্ড, এক্সেল, এক্সেস) চালনায় পারদর্শী হতে হবে। |
| ০৬ | ফিন্ড অফিসার (সর্বোচ্চ বয়স ৩৫) | ২৫,০০০/- | ৩৯,৯০৭/- | অনভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে-স্নাতক/সমমান অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে-এইচ.এস.সি/সমমান |

| মৌখিক পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম | জেলা | মৌখিক পরীক্ষার স্থান |
|--|---|--|---|
| ১০/০৭/২০২৬ ইং শুক্রবার সকাল ৯.০০ টা | শাখা ব্যবস্থাপক, সহকারী শাখা ব্যবস্থাপক, শাখা হিসাবরক্ষক, ফিন্ড অফিসার | খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা ব্যতিত বাংলাদেশের অন্যান্য সকল জেলা | প্রত্যাশী, সৈয়দবাড়ী, ৯০৩/এ ওমর আলী মাতব্বর রোড, বহদুরহাট (বহদুরবাড়ীর সন্নিহিত) চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২। |
| ১১/০৭/২০২৬ ইং শনিবার সকাল ৯.০০টা | শাখা ব্যবস্থাপক, সহকারী শাখা ব্যবস্থাপক, শাখা হিসাবরক্ষক, ফিন্ড অফিসার | চট্টগ্রাম ও কক্সবাজার জেলা | |
| ০৩/০৮/২০২৬ ইং সোমবার সকাল ৯.০০টা | এরিয়া ম্যানেজার, নিরীক্ষা কর্মকর্তা | সকল জেলা | |

আর্থিক সুবিধাদিঃ

- শিক্ষানবিশকাল (৬মাস) সফলভাবে সমাপ্তির পর সংস্থার চাকুরী বিধিমালা অনুযায়ী বেতন স্কেল, বার্ষিক ইনক্রিমেন্ট, বৈশাখী ভাতা, ২টি (Gross) উৎসব বোনাস, পিএফ, গ্র্যাচুইটি, কর্মী কল্যাণ তহবিল, পি.এফ ঋণ, কর্মী গৃহ ঋণ, মোটর কার, মোটর সাইকেল ও বাই সাইকেল ঋণ এবং অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ সংস্থার নিয়মানুযায়ী প্রদান করা হবে।
- যোগদানের তারিখ হতে সংস্থার নিজস্ব ডরমেটরিতে ফ্রি থাকার ব্যবস্থা, লাঞ্চ ভাতা, মোবাইল বিল, যাতায়াত ভাতা সংস্থার নিয়মানুযায়ী প্রদান করা হবে।

চাকরির শর্তাবলীঃ

- নির্বাচিত প্রার্থীদের প্রত্যাশী কর্ম এলাকার যেকোনো শাখায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
 - বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে। (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান জেলা ব্যতীত)
 - (১-৫) নং পদের প্রার্থীদের কম্পিউটার অফিস প্রোগ্রাম (এমএসওয়ার্ড, এক্সেল, এক্সেস) চালনায় পারদর্শী হতে হবে।
 - (১, ৩, ৪) নং পদের প্রার্থীদের মোটর সাইকেল (বৈধ লাইসেন্সসহ) চালনায় পারদর্শী হতে হবে।
 - পুরুষ কর্মকর্তাদের সংস্থার নিজস্ব ডরমেটরিতে থাকতে হবে।
 - নির্বাচিত প্রার্থীদের জামানত হিসেবে ২০,০০০/- (৪, ৫, ৬ নং পদের জন্য), ২৫,০০০/- (১ ও ৩ নং পদের জন্য) টাকা জমা করতে হবে। উক্ত জামানত সংস্থার নীতিমালা মোতাবেক লভ্যাংশসহ ফেরৎ যোগ্য।
 - নির্বাচিত প্রার্থীদেরকে চূড়ান্ত নিয়োগের পূর্বে একজন গ্রহণযোগ্য (সরকারি চাকুরীজীবী) জামিনদার দিতে হবে যিনি প্রার্থীর সকল আর্থিক অনিয়মজনিত দায়-দায়িত্ব বহন করবেন এবং ক্ষতিপূরণ প্রদানে সক্ষম হবেন।
- বর্ণিত তারিখ ও ঠিকানা মোতাবেক একটি আবেদনপত্র, জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতা সনদ, চেয়ারম্যান সার্টিফিকেট ও জাতীয়তা সনদপত্রের কপি এবং সদ্য তোলা ৩ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ উল্লেখিত স্থানে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা গেল।



উপ-সহকারী পরিচালক (মানবসম্পদ উন্নয়ন বিভাগ) প্রত্যাশী, প্রধান কার্যালয় : সৈয়দবাড়ী, ৯০৩/এ,
ওমরআলী মাতব্বর রোড, বহদুর হাট (বহদুর বাড়ীর সন্নিহিত), চান্দগাঁও-৪২১২, চট্টগ্রাম।

প্রত্যাশী নিয়োগ সংক্রান্ত কাজে অফিসের বাহিরে নগদ, ব্যাংক বা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কারো সাথে আর্থিক লেনদেন করে না।